



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩২৩১২০৪৪৮১/দিনাজপুর-২৮৬/৫২

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০
০৬ মে ২০২৩

বিষয় : ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর পত্র নং- বামাশিবো/প্রশা/২২৪২২১২০৪৪৮১/৭১১৭০/নথি নং - তারিখ: ২৪-১০-২০২২ খ্রিঃ
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর এর পত্র নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.০৫.০৫০.২২.৫২৫; তারিখ: ০৬ এপ্রিল ২০২৩ খ্রিঃ
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর পত্র নং-বামাশিবো/প্রশা/২৩৩২৩১২০৪৪৮১/দিনাজপুর-২৮৬/৪৪; তারিখ: ২৬ এপ্রিল ২০২৩ খ্রিঃ

দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলাধীন খয়েরবাড়ী দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে দুর্নীতি ও স্বেচ্ছাচারিতার অভিযোগ করেছেন এবং ০৯ সদস্য বিশিষ্ট ম্যানেজিং কমিটির ০৬ জন সদস্য পদত্যাগ করেছেন মর্মে তিনি অভিযোগে উল্লেখ করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর-কে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হলে সূত্রোক্ত ২ নং স্মারকে তিনি মতামতসহ প্রতিবেদন প্রেরণ করেন। তদন্তে আনীত অভিযোগ সমূহ প্রমাণিত হয়। তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মাদ্রাসা প্রধানকে কেন কমিটি ভেঙ্গে দেয়া হবেনা মর্মে সূত্রোক্ত ০৩ নং স্মারকে কারন দর্শানোর পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে তিনি জবাব প্রদান করেন। বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করলে তার কোন প্রকার আপত্তি থাকবেনা মর্মে মাদ্রাসা প্রধান তঁর জবাবে উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায় তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো একই সাথে মাদ্রাসা পরিচালনার স্বার্থে এডহক কমিটি অনুমতির আবেদন করার জন্য ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক () পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার,
খয়েরবাড়ী দাখিল মাদ্রাসা, ফুলবাড়ী, দিনাজপুর;

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৩১২০৪৪৮১/দিনাজপুর-২৮৬/

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০
০৬ মে ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, দিনাজপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর;
৪. সভাপতি (পরিচালনা কমিটি), খয়েরবাড়ী দাখিল মাদ্রাসা, ফুলবাড়ী, দিনাজপুর;;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মো: ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd